

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২১৭

১. পরিত্রিতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৪. উয়ুর প্রারম্ভে বিসমিল্লাহ বলা

بَابُ التَّسْمِيَةِ عَلَى الْوُضُوءِ

আরবী

نَّا مُحَمَّدُ بْنُ مَخْلُدٍ وَإِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، قَالَا : نَّا أَحْمَدُ بْنُ مَنْصُورٍ ، نَّا عَبْدُ الرَّزَاقِ ، نَّا مَعْمَرٌ ، عَنْ ثَابِتَ وَقَتَادَةَ ، عَنْ أَنَسٍ ، قَالَ : نَظَرَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَضُوءًا فَلَمْ يَجِدُوا ، فَقَالَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : هَاهُنَا مَاءٌ " . فَأَتَيَ بِهِ ، فَرَأَيْتُ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَضَعَ يَدَهُ فِي الْإِنَاءِ الَّذِي فِيهِ الْمَاءُ ، ثُمَّ قَالَ : " تَوَضَّئُوا بِسْمِ اللَّهِ " . فَرَأَيْتُ الْمَاءَ يَفْوُرُ مِنْ بَيْنِ أَصَابِعِهِ وَالْقَوْمُ يَتَوَضَّؤُونَ ، حَتَّى فَرَغُوا مِنْ آخِرِهِمْ . قَالَ ثَابِتُ : قُلْتُ لِأَنَسٍ : كَمْ تَرَاهُمْ كَانُوا ؟ قَالَ : نَحْوًا مِنْ سَبْعينَ رَجُلًا

বাংলা

২১৭(১)। মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ উয়ুর পানি তালাশ করলেন, কিন্তু পাননি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এখানে কি পানি আছে? তার নিকট পানি আনা হলো। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পানির পাত্রটিতে হাত রাখতে দেখলাম, অতঃপর তিনি বলেনঃ তোমরা বিসমিল্লাহ বলে উয়ু করো। আমি দেখলাম, তার আঙুলগুলোর মাঝখান দিয়ে পানির ফোয়ারা ছুটছে এবং লোকজন উয়ু করছে। শেষ পর্যন্ত তাদের সর্বশেষ ব্যক্তিও উয়ু করলো। ছাবেত (রহঃ) বলেন, আমি আনাস (রাঃ)-কে বললাম, অপনার দৃষ্টিতে তারা কতজন ছিলেন? তিনি বলেন, প্রায় সত্ত্বরজন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80006>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন